

বোর্ডের বইয়ে ভুল প্রসঙ্গে

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ১৯১৬ সাল হইতে নবম শ্রেণীর জন্য নতন পাঠ্যপুস্তক প্রণয়ন ও প্রকাশ করা হইয়াছে। কিন্তু একটি নতন বই শিক্ষার্থীদের হাতে তুলিয়া দেওয়ার আগে যে ধরনের সতর্কতা প্রয়োজন ছিল দুঃখজনকভাবে বোর্ড কর্তৃপক্ষ তাহা অবলম্বন করিতে ব্যর্থ হইয়াছেন। ফলে এখন পর্যন্ত বই যেমন অনেক অঞ্চলের ছাত্রছাত্রীদের হাতে পৌছায় নাই তেমনি যাহা পৌছিয়াছে তাহাতে রহিয়াছে অগণ্য ভুল। বিশেষ করিয়া গণিত বইয়ের (মাধ্যমিক বীজগণিত ও ত্রিকোণমিতি) স্কলগুলি মারাত্মক সমস্যার সৃষ্টি করিয়াছে। গণিতের বইয়ে এমন কোন প্রশ্নমালা নাই যাহা ভুলবিহীন। ফলে শ্রেণীকক্ষে শিক্ষক ও শিক্ষার্থী উভয়েই বিভ্রান্তি ও বিভ্রমায় পড়িতে হইতেছে। ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের এ দুর্ভোগ লাঘবের জন্য অনতিবিলম্বে গণিত ও ত্রিকোণমিতি বইয়ের এইসব ভুল সংশোধন করিয়া সংশোধনপত্র জাতীয় দৈনিকে প্রচার অথবা স্কলগুলিতে প্রেরণ করার জন্য বোর্ড কর্তৃপক্ষকে অনুরোধ করিতেছি।

—নাসিরউদ্দীন খিলজী, জিয়া
হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।